# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৩০

৯/ হাজ্জ (হজ্জ) (كتاب الحج عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ তালবিয়া ও নাহরের ফযীলত।

## باب مَا جَاءَ فِي فَضْلِ التَّلْبِيَةِ وَالنَّحْرِ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُحَمَّدٍ الزَّعْفَرَانِيُّ، وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ الأَسْوَدِ أَبُو عَمْرٍو الْبَصْرِيُّ، قَالاَ حَدَّثَنَا عَبِيدَةُ بْنُ حُمَيْدٍ، عَنْ عُمَارَةَ بْنِ غَزِيَّةَ، عَنْ أَبِي حَازِمٍ، عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَ حَدِيثِ إِسْمَاعِيلَ بْنِ عَيَّاشٍ . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ وَجَابِرٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي بَكْرٍ حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ ابْنِ أَبِي فُدَيْكٍ عَنِ الضَّحَّاكِ بْنِ عُثْمَانَ . وَمُحَمَّدُ بْنُ الْمُنْكَدِرِ لَمْ يَسْمَعْ مِنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَرْبُوعٍ وَقَدْ رَوَى مُحَمَّدُ بْنُ الْمُنْكَدِرِ عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَرْبُوعٍ عَنْ أَبِيهِ غَيْرَ هَذَا الْحَدِيثِ . وَرَوَى أَبُو نُعَيْمٍ الطَّحَّانُ ضِرَارُ بْنُ صُرَدٍ هَذَا الْحَدِيثَ عَنِ ابْنِ أَبِي فُدَيْكٍ عَنِ الضَّحَّاكِ بْنِ عُثْمَانَ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَرْبُوعٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي بَكْرٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَأَخْطَأَ فِيهِ ضِرَارٌ . قَالَ أَبُو عِيسَى سَمِعْتُ أَحْمَدَ بْنَ الْحَسَنِ يَقُولُ قَالَ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ مَنْ قَالَ فِي هَذَا الْحَدِيثِ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ عَنِ ابْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَرْبُوعٍ عَنْ أَبِيهِ فَقَدْ أَخْطَأَ . قَالَ وَسَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ وَذَكَرْتُ لَهُ حَدِيثَ ضِرَارِ بْنِ صُرَدٍ عَنِ ابْنِ أَبِي فُدَيْكٍ فَقَالَ هُوَ خَطَأٌ . فَقُلْتُ قَدْ رَوَاهُ غَيْرُهُ عَنِ ابْنِ أَبِي فُدَيْكٍ أَيْضًا مِثْلَ رِوَايَتِهِ . فَقَالَ لاَ شَىْءَ إِنَّمَا رَوَوْهُ عَنِ ابْنِ أَبِي فُدَيْكٍ وَلَمْ يَذْكُرُوا فِيهِ عَنْ سَعِيدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ . وَرَأَيْتُهُ يُضَعِّفُ ضِرَارَ بْنَ صُرَدٍ . وَالْعَجُّ هُوَ رَفْعُ الصَّوْتِ بِالتَّلْبِيَةِ . وَالثَّجُّ هُوَ نَحْرُ الْبُدْنِ .

বাংলা

৮৩০. হাসান ইবনু মুহাম্মদ যা’ফরানী ও আবদুর রহমান ইবনু আসওয়াদ আবূ আমর বাসরী (রহঃ) .... সাহল

ইবনু সা’দ (রাঃ) সূত্রে ইসমাঈল ইবনু আয়্যাশের রিওয়ায়াতের অনুরূপ (৮২৯নং) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে।

এই বিষয়ে ইবনু উমার ও জাবির (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন আবূ বকর (রাঃ) বর্ণিত হাদিস টি (৮২৮নং) গারীব। ইবনু আবূ ফুদায়ক যাহ্হাক ইবনু উসমান এর সূত্র ছাড়া এটি বর্ণিত আছে বলে আমার জানা নাই। আর আবদুর রহমান ইবনু উয়ারবূ’ থেকে রাবী মুহাম্মদ ইবনু মুনকাদির কোন রিওয়ায়াত শেনেননি। মুহাম্মদ ইবনু মুনকাদির অন্য হাদিস সাঈদ ইবনু আবদুর রহমান ইবনু ইয়ারবূ’ তার পিতা সূত্রে রিওয়ায়াত করেছেন। আবূ নুআয়ম তাহ্হাস যিরার ইবনু সুরাদ এই হাদিসটিকে ইবনু আবূ ফুদায়ক যাহ্হাক ইবনু উসমান মুহাম্মদ ইবনু মুনকাদির সাঈদ ইবনু আবদুর রহমান ইবন ইয়ারবূ’ তার পিতার সূত্রে আবূ বকর (রাঃ) সনদে বর্ণনা করেছেন। কিন্তু এতে যিরার ভুল করেছেন।

ইমাম আবূ ঈসা (রাঃ) বলেন, আহমাদ ইবনু হাসানকে আমি বলতে শুনেছি যে, আহমদ ইবনু হাম্বাল (রহঃ) বলেছেন যে, রাবী মুহাম্মদ ইবনু মুনকাদির ইবনু আবদুর রহমান ইবনু ইয়ারবূ তার পিতা আবদুর রহমান এইভাবে যিনি হাদিসটির সূত্র উল্লেখ করেছেন তিনি ভুল করেছেন। আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেন, আমি যিরার ইবনু সুরাদ ইবনু আবূ ফুদায়ক সূত্রে বর্ণিত রিওয়ায়াতটি মুহাম্মদ আল-বুখারী (রহঃ)-এর নিকট উল্লেখ করলে তিনি বললেন, এটি ভুল। আমি বললাম, যিরার ছাড়াও অন্যান্য রাবী ইবনু আবূ ফুদায়ক থেকে অনূরূপ রিওয়ায়াত করেছেন। তিনি বললেন, এগুলো কিছু নয়। এরা ইবনু আবূ ফুদায়ক থেকে অনূরূপ রিওয়ায়াত করেছেন অথচ এতে সাঈদ ইবনু আবদুর রহমান -এর উল্লেখ করেননি। আমি দেখেছি যে, মুহাম্মদ আল- বুখারী (রহঃ) যিরার ইবনু সুরাদকে যাঈফ সাব্যস্ত করেছেন। হাদীছে উল্লেখিতالْعَجُّ অর্থ হল উচ্চস্বরে তালবিয়া পাঠ করাالثَّجُّ অর্থ পশু করবানী করা। - তিরমিজী হাদিস নম্বরঃ ৮২৮ এর প্রথমাংশের পর থেকে শেষ পর্যন্ত [আল মাদানী প্রকাশনী]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18019

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন